দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়কে সেশনজট ও সন্ত্রাসমুক্ত করতে হবে

— নয়া ভিসি

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুস্তাফিজুর রহমান বলেছেন, ইসলামী বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিকীকরণ, সেশনজট, সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস এবং একটি সম্পূর্ণ আবাসিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তরই হচ্ছে চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্বপ্ন। আর এই লক্ষ্য অর্জনের জন্যই তিনি আমাকে ভিসি হিসেবে নিয়োগ দিয়েছেন। আসুন বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট সকলে মিলে প্রধানমন্ত্রীর স্বপ্ন পূরণ করে দেশের মর্যাদা ও গৌরব বৃদ্ধি করি। ভিসি গত সোমবার কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় কথা বলেন। ভিসি কর্মকর্তাদের স্মরণ করিয়ে দিয়ে বলেন, ঢাকা, রাজশাহী, চট্টগ্রামের ন্যায় ইসলামী বিশ্ববিদ্যালয়কে কুষ্টিয়া বিশ্ববিদ্যা-

( ১০ম পৃঃ দ্রঃ )

## ইসলামী

(৮ম পৃঃ পর)

লয় বলা হয় না। কাজেই এই নামের তাৎপর্য অনুধাবন করে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য উদ্দেশ্য সততার সাথে অর্জনে সচেষ্ট থাকতে হবে। নয়া ডীন ও চেয়ারম্যান নয়া ভিসি গত সোমবার এক আদেশ বলে আগামী ২ বছরের জন্য দাওয়াহ বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ এ কে এম নূরুল আলমকে ধর্মতত্ত্ব অনুষদের ডীন নিয়োগ করেছেন। নয়া ডীন সোমবার দায়িত্ব গ্রহণ করেছেন। অন্যদিকে আল-কোরআন বিভাগের চেয়ারম্যান পদে আগামী তিন বছরের জন্য দায়িত্ব নিয়েছেন ডঃ